

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
নগর গণপূর্ত বিভাগ
১৫-আব্দুল গণি রোড, ঢাকা
ফোন : ৯৫৫০৬৬৩, ফ্যাক্স : ৯৫৬১৯২৪
Email: ee_city@pwd.gov.bd

নিলাম দরপত্র বিজ্ঞপ্তি নং-৭৫/২০১৮-২০১৯


স্মারক নং : গনবি/৯৪৯

তারিখ : ০১/০৭/১৪২৫ বঙ্গাব্দ
১৬/১০/২০১৮ খ্রিস্টাব্দ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নগর গণপূর্ত বিভাগ, ঢাকা এর অধীন নিম্নবর্ণিত জরাজীর্ণ ভবনসমূহ ভেঙ্গে অপসারণসহ প্রাপ্ত মালামাল বিক্রয়ের জন্য গণপূর্ত অধিদপ্তরের তালিকাভুক্ত ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান সচ্ছল ব্যবসায়ী ও ব্যক্তিদের নিকট হতে সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে। নিলাম দরপত্র আগামী ৩১/১০/২০১৮খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিস, নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-১/২/৪, ঢাকা কর্তৃক গৃহীত হবে এবং একই দিন দুপুর ৩.০০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর অফিসে উপস্থিত নিলাম দরপত্রদাতাদের সম্মুখে খোলা হবে।

- কাজের নাম :-
- ফ্রপ নং-১ নীলক্ষেত কর্মজীবী নতুন মহিলা হোস্টেল নির্মাণের স্থলে বিদ্যমান পুরাতন রান্নাঘর অপসারণ।
 - ফ্রপ নং-২ নীলক্ষেত কর্মজীবী নতুন মহিলা হোস্টেল নির্মাণের স্থলে বিদ্যমান পুরাতন ছাপাখানা অপসারণ।
 - ফ্রপ নং-৩ নীলক্ষেত কর্মজীবী নতুন মহিলা হোস্টেল নির্মাণের স্থলে বিদ্যমান পুরাতন ডাইনিং হল ও হোস্টেল সুপারের বাসভবন অপসারণ।

- ২। নিলাম দরপত্রে অংশগ্রহণকারীকে নিলাম দরপত্রের জন্য মোট মূল্য অংকে ও কথায় আলাদা আলাদাভাবে দরপত্র তফসিলের নির্ধারিত স্থানে লিপিবদ্ধ করতে হবে এবং উদ্ধৃত মূল্যের উপর প্রতিটি ফ্রপের জন্য ১০০% (শতকরা শত ভাগ) জামানত হিসেবে বাংলাদেশের যে কোন তফসিল ব্যাংক হতে বিডি/পে-অর্ডারের মাধ্যমে নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ঢাকার অনুকূলে নিলাম দরপত্রের সহিত জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৩। নিলাম দরপত্রের সাথে হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, তালিকাভুক্তি বহি, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, টিন (TIN) সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি নিলাম দরপত্র ক্রয়ের মূল মানি রিসিপ্ট সংযুক্ত করতে হবে।
- ৪। নিলাম বিজ্ঞপ্তি শর্ত ও নিয়মাবলী সমূহ নিম্নস্বাক্ষরকারীর অফিস, নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-১/২/৩/৪/মেডিকেল কলেজ/মতিঝিল/আজিমপুর/ সম্পদ/রক্ষণাবেক্ষণ/শেরেবাংলা নগর গণপূর্ত বিভাগ-১/২/৩, মহাখালী/সাভার/মিরপুর গণপূর্ত বিভাগ, ঢাকা এবং অত্র বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলীর কার্যালয় সমূহে আগামী ৩০/১০/২০১৮খ্রিঃ পর্যন্ত বিস্তারিত তথ্য ও শর্ত সম্বলিত নিলাম দরপত্র তফসিল-১নং, ২নং ও ৩নং ফ্রপের জন্য অর্থাৎ প্রত্যেক ফ্রপের জন্য আলাদাভাবে ৫০০/- (পাঁচশত) টাকা অফেরৎযোগ্য নগদ মূল্যে মানি রিসিপ্ট এর মাধ্যমে অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে এবং প্রত্যেক ফ্রপের জন্য আলাদা আলাদা ভাবে নিলাম দরপত্র দাখিল করতে হবে।
- ৫। কাজ সম্পাদনের সময়সীমা :- কার্যদেশ প্রাপ্তির তারিখ হতে ৩০(ত্রিশ) দিন।
- ৬। দর উদ্ধৃতঃ নিলাম দরপত্রে অংশগ্রহণকারীদের নিলাম দরপত্র তফসিলের নির্ধারিত স্থানে মালামালের পরিমাণের বিপরীতে উল্লিখিত একক হিসাবে উদ্ধৃত দর অংকে এবং কথায় লিপিবদ্ধ করতে হবে এবং প্রতিটি ফ্রপের জন্য নিলাম দরপত্র আলাদা আলাদা ভাবে জমা দিতে হবে।
- ৭। নিলাম দরপত্র যে সকল কারণে বিধিবিহীন ও সম্পূর্ণ বাতিল বলে ঘোষণা করা হবে :-
 - (ক) যদি দরদাতাদরপত্র ফরম, সিডিউলের আইটেমের পাতায় যে স্থানে দর উদ্ধৃত হবে সেইখানে স্বাক্ষর না করেন।
 - (খ) যদি উদ্ধৃত দর অসামঞ্জস্য/লেখার উপর লেখা/ঘষামাজা/অস্পষ্টতা এবং উদ্ধৃত দর সংশোধনীতে নিলাম দরপত্র দাতাদের স্বাক্ষর না থাকে।
 - (গ) উপরে বর্ণিত ক্রমিক নং-২ অনুযায়ী বায়নার টাকা নিলাম দরপত্রের সাথে জমা না দিলে।
 - (ঘ) যদি ঠিকাদার কর্তৃক অতিরিক্ত কোন শর্ত প্রদান করা হয়।
 - (ঙ) নিলাম দরপত্রের সাথে মূল মানি রিসিপ্ট জমা না দিলে।
- ৮। অনিবার্য কারণে যে কোন দরপত্র নিলাম বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(মোহাম্মদ শওকত উল্লাহ)
নির্বাহী প্রকৌশলী
নগর গণপূর্ত বিভাগ, ঢাকা